গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
কারা-১ শাখা
www.moha.gov.bd

স্মারক নম্বর : ৪৪.০০.০০০০.০০০.১৭৩.২২.০০০২.২৬-৩০১

তারিখ : ২৭ শ্রাবণ ১৪৩৩ / ১১ আগস্ট ২০২৬

**বিষয় : কারা অধিদপ্তরাধীন সরাসরি নিয়োগযোগ্য কারারক্ষী ও মহিলা কারারক্ষী শূন্য পদের ছাড়পত্র প্রদান**

সূত্র : কারা অধিদপ্তরের স্মারক নং-৪৪.০৪.০০০০.০২২.০৭.০০১.২০২৬-৩১১; তারিখ : ২৬ জুলাই ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে কারা অধিদপ্তরের রাজস্বখাতে সরাসরি নিয়োগযোগ্য নিম্নোক্ত ছকে উল্লিখিত শূন্য পদে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪ নভেম্বর ২০১০ তারিখে জারিকৃত ০৫.১৬৬.০২২.০০.০০.০৪৪.১৯৮৮-১৩৫৬(২৫০) নং পরিপত্রের নির্দেশনা অনুযায়ী নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বিধি মোতাবেক সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের জন্য ছাড়পত্র নির্দেশক্রমে প্রদান করা হলো :

| ক্রম. | পদের নাম | সরাসরি পূরণযোগ্য পদ | পূরণকৃত পদ | বর্তমান শূন্য পদ | শূন্য পদের ১০% হিসাবে সংরক্ষণযোগ্য পদ | জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী বেতন স্কেল ও গ্রেড | শূন্য পদের ১০% সংরক্ষণ রেখে ছাড়পত্র প্রদানযোগ্য প্রকৃত পদের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | কারারাক্ষী | ৯২৬৬ | ৮৬৩১ | (৬৩৫-৫০০)=১৩৫ | ১৩.৫ | ৯০০০-২১৮০০/- (১৭তম) | (১৩৫-১৪)=১২১টি |
| ২. | মহিলা কারারক্ষী | ৮৩৪ | ৭২৯ | (১০৫-২৫)=৮০ | ৮ | ৯০০০-২১৮০০/- (১৭তম) | (৮০-৮)=৭২টি |
| | | | | | | মোট= | ১৯৩ (একশত তিরানব্বই) |

**শর্তাবলি :**

(ক) উল্লিখিত পদ পূরণের ক্ষেত্রে যদি আদালতের কোনো নিষেধাজ্ঞা থাকে, কোনো রীট/মামলা বিচারাধীন থাকে, কোনো মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকে, তবে আদালতের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক বিধি-বিধান মোতাবেক শূন্য পদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে;

(খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯ অক্টোবর ২০২১ তারিখের ২৪৯ নং পরিপত্রের ৪(খ) অনুযায়ী এ ছাড়পত্রের বৈধতার মেয়াদ ১ (এক) বছর; উক্ত পরিপত্রের ৪(গ) অনুযায়ী ছাড়পত্রের বৈধতার মেয়াদের মধ্যে নিয়োগ প্রক্রিয়ার সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং উক্ত পরিপত্রের ৪(ঘ) অনুযায়ী নির্দিষ্ট সময়সীমার মধ্যে পদ পূরণে অসমর্থ হলে নতুন করে ছাড়পত্র গ্রহণ করতে হবে;

(গ) প্রাপ্ত প্রস্তাবে মঞ্জুরকৃত ও শূন্য পদের সংখ্যায় কোনো গরমিল থাকার কারণে কোনো পদে অতিরিক্ত লোক নিয়োগ দেওয়া হলে সেক্ষেত্রে ভুল তথ্য প্রদানকারী দায়ী থাকবেন;

(ঘ) অর্গানোগ্রাম ও পদ সৃষ্টির আদেশে বর্ণিত পদনাম অনুযায়ী নিজস্ব অনুমোদিত নিয়োগবিধি অনুসরণপূর্বক প্রতি শ্রেণির পদের বিপরীতে মঞ্জুরকৃত পদসংখ্যার ভিত্তিতে পদ পূরণ করতে হবে এবং এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;

(ঙ) ছাড়পত্র প্রদানকৃত পদগুলি পূরণ করার ক্ষেত্রে প্রচলিত নিয়োগবিধি, শূন্যপদ পূরণ সংক্রান্ত বিষয়ে সরকারের অপরাপর যাবতীয় বিধি-বিধান/ আদেশ এবং আনুষ্ঠানিকতা অবশ্যই যথাযথভাবে প্রতিপালন/ অনুসরণ করতে হবে;

(চ) ছাড়পত্র প্রদানকৃত পদসমূহ পূরণ করার ১৫ কার্য দিবসের মধ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা-১ শাখা এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিসংখ্যান ও গবেষণা কোষকে অবহিত করতে হবে; এবং

**[চলমান পাতা-২]**

(ছ) শূন্য পদসমূহ পূরণের ক্ষেত্রে বিদ্যমান সকল আইন-কানুন, বিধি-বিধান অবশ্যই অনুসরণ করতে হবে এবং আইন ও বিধি-বিধানের কোনোরূপ ব্যত্যয় হলে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে এর দায়-দায়িত্ব বহন করতে হবে।

স্বাঃ/-
(মো. আমিনুল ইসলাম)
উপসচিব
ফোন : ০২-২২৩৩৯০৯৪১
E-mail: jail1@moha.gov.bd

কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড
বকশি বাজার, ঢাকা-১২১১

স্মারক নম্বর : ৪৪.০০.০০০০.০০০.১৭৩.২২.০০০২.২৬-৩০১

তারিখ : ২৭ শ্রাবণ ১৪৩৩ / ১১ আগস্ট ২০২৬

**অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা
৪। অতিরিক্ত সচিব (সংস্কার ও গবেষণা অনুবিভাগ), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]
৬। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৮। অতিরিক্ত সচিব (কারা অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]
৯। অফিস কপি/মাস্টার কপি

১১।০৮।২৬
(মো. আমিনুল ইসলাম)
উপসচিব